# যেকোনো স্থানে ক্ষেপণাস্ত্র হামলার সক্ষমতা রয়েছে ইরানের: গালিবাফ



ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

ইরান তার পছন্দের যেকোনো লক্ষ্যবস্তুতে সরাসরি ক্ষেপণাস্ত্র হামলা চালাতে সক্ষম এবং এ ক্ষেত্রে কোনো সীমাবদ্ধতা বা বাধা নেই বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের বরাতে এ তথ্য জানা গেছে।

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান পরোক্ষ আলোচনায় ইরানের প্রধান মধ্যস্থতাকারীর দায়িত্বে থাকা গালিবাফ বলেন, অর্থনৈতিক, সামরিক, কূটনৈতিক কিংবা অন্য কোনো উপায়ে চলমান সমন্বিত ‘হাইব্রিড সংঘাত’ ইরান মেনে নেবে না। এমন পরিস্থিতিতে দেশকে অচল হয়ে পড়তেও দেওয়া হবে না বলে জানান তিনি।

ইরানের পার্লামেন্ট স্পিকার বলেন, যেকোনো ধরনের হুমকির জবাব দিতে ইরান তার পূর্ণ সক্ষমতা কাজে লাগাবে। অতীতের মতো এবারও নিজেদের কৌশলগত সক্ষমতা ব্যবহার করে প্রতিপক্ষের মোকাবিলা করা হবে বলেও হুঁশিয়ারি দেন গালিবাফ।

::